Department of Education
Carmen Fariña, Chancellor

Office of the Chancellor

52 Chambers Street
New York, NY 10007

212 374 0200 Tel
212 374 5588 Fax

২৮ মার্চ, ২০১৬

প্রিয় পরিবারবর্গ এবং কর্মচারীবৃন্দ,

সম্প্রতি পানীয় জলে সীসার (lead) মাত্রার প্রতি জাতীয় ও স্থানীয়ভাবে মানুষের নজর আকৃষ্ট হয়েছে এবং তা উদ্বেগের সৃষ্টি করেছে। আমরা আপনাদের নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্ক সিটির পানি অতিশয় নিরাপদ।

নিউ ইয়র্ক সিটির সকল ডিস্ট্রিক্ট স্কুলসমূহ ও আপনারটির মতো স্বাধীন এনওয়াইসি আরলি এডুকেশন সেন্টারগুলোতে (এনওয়াইসিইইসি), উভয় ক্ষেত্রে, শিক্ষার্থী ও কর্মচারিদের জন্য নিরাপদ পানীয় জল পাওয়ার ব্যবস্থা নিশ্চিত করার জন্য ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (ডিওএমএইচ) এবং ডিপার্টমেন্ট অভ এনভায়রনমেন্টাল প্রটেকশন (ডিইপি)-এর সাথে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (ডিওই) কিছু প্রস্তুতিমূলক ও চলমান ব্যবস্থা চালু রেখেছে।

নিউ ইয়র্ক সিটির পানির মান অতিশয় ভালো।

নিউ ইয়র্ক সিটির পানি সেরা মানবিশিষ্ট, যা সকল ফেডারেল ও স্টেটের মান পূরণ করে বা অতিক্রম করে। সিটি তার নিজস্ব জলাধার সংরক্ষণ করে – যা আমাদের জলাধারগুলোকে নিয়ন্ত্রণ ও - সুরক্ষিত রাখে, এবং পুরো ব্যবস্থা জুড়ে বিভিন্ন স্থানে সে জল প্রতি বছর ৫ লক্ষ বার পরখ করা হয়। এসব ব্যাপক ব্যবস্থার বাইরেও স্কুলগুলোতে আমাদের শিক্ষার্থীদের নিরাপদ পানীয় জল পাওয়ার ব্যবস্থা নিশ্চিত করার জন্য ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (ডিওএমএইচ) এবং ডিপার্টমেন্ট অভ এনভায়রনমেন্টাল প্রটেকশন (ডিইপি)-এর সাথে ডিওই কাজ করে।

ডিইপি বিগত এক দশক জুড়ে আমাদের পানীয় জলের মান নিয়ন্ত্রণ ও অবকাঠামো উন্নত করার জন্য ১০ বিলিয়ন ডলারেরও বেশি অর্থ বিনিয়োগ করেছে। ২০০৮ ও ২০১০ সালের মধ্যে ডিইপি স্কুল ও অন্যান্য মিউনিসিপ্যাল ভবনগুলোতে সীসা-সমন্বিত বিতরন ব্যবস্থা সনাক্ত ও প্রত্যাহার করতে ডিওই এবং অন্যান্য সিটি এজেন্সির সাথে কাজ করেছে।

শিক্ষার্থী ও শিক্ষকমণ্ডলীর নিরাপত্তা নিশ্চিত করার জন্য যেসব ভবনে সুপারিশকৃত মাত্রার চেয়ে অধিক সীসা আছে এমন একটি আউটলেট আছে, ডিওএইচএমএইচ সেসব শিক্ষা ও শিশু তত্ত্বাবধানকরী সাইটগুলোতে পুঙ্খানুপুঙ্খরূপে ধোয়ার প্রক্রিয়া চালুর নির্দেশ দেয় যাতে প্রতি সপ্তাহে সম্পূর্ণ পরিস্কার করা, যন্ত্রপাতি প্রতিস্থাপন করা, ইত্যাদি বিভিন্ন পদক্ষেপের সমন্বিত ব্যবস্থা অন্তর্ভুক্ত আছে। নিউ ইয়র্ক সিটিতে যেক্ষেত্রে পানীয় জল এমনিতেই যেখানে অত্যন্ত উঁচু মানসম্পন্ন, সেখানে পানীয় জল থেকে সীসা অপসারণের ক্ষেত্রে ফ্ল্যাশিং (ভালো করে ধোয়া) সবচেয়ে বেশি কার্যকর বলে দেখা গেছে।

ডিওএইচএমএইচ-এর অংশীদার হয়ে ডিওই আগামী দিন ও সপ্তাহগুলোতে নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্যবিধির ধারা ৪৩ অনুযায়ী নিয়ন্ত্রিত সকল স্কুল ও প্রোগ্রামের পানি পরীক্ষার সুযোগ দেওয়ার জন্য কাজ করবে। আপনার সন্তানের প্রি-কে সাইট ধারা ৪৩-এর আওতাভূক্ত। এসব পরীক্ষার ফলাফল পাওয়ার সাথে সাথে জনসাধারণকে দ্রুত জানান হবে।

২৩ মার্চ থেকে আপনারা প্রতিটি স্কুলের পানীয় জল পরীক্ষার ফল সংক্রান্ত অনুসন্ধানযোগ্য তথ্যের ডেটাবেজ পরিবারসমূহ সরাসরি পরিদর্শন করতে http://schools.nyc.gov/AboutUs/schools/watersafety.htm ওয়েবসাইটে যেতে পারেন। আপনার সন্তানের প্রোগ্রামের পরীক্ষার ফলাফল পাওয়ার সাথে সাথেই সেগুলো এই ওয়েবসাইটে দেখতে পাবেন। এই সময়ের মধ্যে সীসা ও নিরাপদ পানীয় জল সম্পর্কে সাধারণ তথ্যের জন্য আপনারা 311 নম্বরে ফোন করতে পারেন।

যদিও নিউ ইয়র্ক সিটির পানি নিয়ে উদ্বিগ্ন হওয়ার কোন কারণ নেই, তবুও আমরা জানি যে সন্তানের নিরাপত্তার বিষয়ে আপনারা গুরুত্ব প্রদান করেন। আমরা আপনাদের মতো নিরাপত্তার প্রতি একই প্রতিশ্রুতিতে আবদ্ধ।

বিশ্বস্ত,

কারমেন ফারিনা
চ্যান্সেলর
ডিপার্টমেন্ট অভ এডুকেশন

মেরি টি বেসেট, এমডি, এমপিএইচ
কমিশনার
ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন